দৈনিক খবর

তারিখ 27 AUG 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

৩।

১২৮

# চট্টগ্রাম ভার্সিটি ক্যাম্পাসে বন্দুক যুদ্ধঃ আহত ১০

।।ষ্টাফরিপোর্টার।।

চট্টগ্রাম, ২৬শে আগস্ট।– আজ দুপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের বিবদমান দু'টি গ্রুপের বন্দুকযুদ্ধে ১০ জন আহত হয়। এদের মধ্যে গুলীবিদ্ধ ৩ জনকে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের অবস্থাশংকটাপন্ন।

গতকালের ঘটনার জের হিসেবে আজ বেলা সাড়ে '১২টায় ছাত্রদলের দু'টি বিবদমান গ্রুপ বিশ্ববিদ্যালয় ১ নম্বর ফটকের সামনে সংঘর্ষে লিপ্ত হয়। দু'দলই হকিস্টিক, রড এবং স্বয়ংক্রিয় অস্ত্র নিয়ে পরস্পরকে হামলা করেছে। প্রায় ৪০ মিনিট সংঘর্ষ অব্যাহত থাকে। এ ঘটনার খবর আবাসিক হল ও

২ এর পাতায় দেখুন

## চট্টগ্রাম ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

ফ্যাকাল্টি ভবনে পৌছলে ছাত্র–ছাত্রীদের মধ্যে আতংক ছড়িয়ে পড়ে। ক্লাস না করেই তারা ফ্যাকাল্টি ত্যাগ করে। আহতদের মধ্যে গুলীবিদ্ধ মহিউদ্দিন কাদের টুটুল ও এসএমএস বাবুলকে মেডিক্যাল কলেজ হাসপাতালে এবং মোহাম্মদ মুসাকে একটি বেসরকারী হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা ৩ জনই বিশ্ববিদ্যালয়ের ৩ জন সিনিয়র শিক্ষকেরছেলে।

জানা গেছে, ছাত্রদলের দু'গ্রুপকে নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন আজ যখন কলাভবনে সমঝোতা বৈঠকে মিলিত হয় ঠিক তখনই ঐ সংঘর্ষ ঘটে।